

আটই ফাল্গুন

-সাধন সরকার

(১৯৭৭)

আজ আটই ফাল্গুন -

এই লাল ফুলগুলি ভারি ভাল লাগছে
কি সুন্দর; যেন আগুন লেগেছে বনে বনে।

সাঁট আপ

চুপ, আন্তে, এ ভালবাসার কথা বোল না।

কেন ?

হুজ্ দেয়ার

কাছে এসো, খুব আন্তে বলি শোন
আমরা বাঙালী আমাদের ভাষা বাঙলা
জানি।

এই ভাষাকে ভালবেসে একদল তরুণ
প্রতিবাদ জানিয়েছিল, ভরা মাঠে, বাঙলা রাষ্ট্র ভাষা চাই
ফায়ার -

তারপর ?

তারপর, তাদের বুকের তাজা রক্ত
পীচ ঢালা কাল রাস্তা লালে লাল করে দিল।
ওরা রাস্তার পাশে দাঁড়িয়ে দেখেছেতো সব
তাই, পলাশ আরো লাল হল।
কৃষ্ণছড়া লালে লাল হয়ে পাতার সবুজ দিল ঢেকে।
সে দিন ছিল আটই ফাল্গুন ২১ শে ফেব্রুয়ারি।

---**---